

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
দেবিদ্বার, কুমিল্লা

স্মারক নম্বর: ৪১.০১.১৯৪০.০০০.১৬.০৯৬.২২ ২৫২

তারিখ: ২৪ জুলাই ২০২৩

বিষয়: ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন সম্পন্নকরণ প্রসঙ্গে।


সূত্র: সমাজসেবা অধিদফতর, স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০.৫৩৮ তারিখ: ২৬ জুন ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকের মাধ্যমে সমাজসেবা অধিদফতর, ঢাকা হতে আগামী ৩০ আগস্ট ২০২৩ খ্রি: এর মধ্যে দেশের সকল উপজেলার সকল ভাতাভোগীদের ইউনিয়ন পরিষদ/পৌরসভা অথবা সুবিধাজনক জায়গায় সশরীরে উপস্থিত করিয়ে লাইভ ভেরিফিকেশনের মাধ্যমে জীবিত ও মৃত ভাতাভোগী সনাক্তকরার নির্দেশনা প্রদান করা হয়েছে। এমনকি ভবিষ্যতে কোন মৃত ভাতাভোগীর ব্যাংক হিসাবে ভাতার টাকা গেলে তার জন্য সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিসার দায়ী থাকবেন মর্মে সূত্রোক্ত স্মারকে সতর্ক করা হয়েছে।

০২। উপরিউক্ত নির্দেশের পরিপ্রেক্ষিতে এ উপজেলার সকল ইউনিয়নের ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন সম্পন্নের জন্য সকল ভাতাভোগীদেরকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা অথবা সুবিধাজনক জায়গায় সশরীরে উপস্থিত নিশ্চিত করতে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত সকল ইউনিয়ন সমাজকর্মীকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভায় প্রস্তুতিমূলক সভা করার জন্য অনুরোধ করা হলো।

০৩। যে সকল ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন সম্পন্ন হবে না সে সকল ভাতাভোগীকে মৃত বা নিরুদ্দেশ হিসেবে গণ্য করা হবে। বিষয়টি ইউনিয়ন/পৌরসভা ব্যাপী ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৪। লাইফ ভেরিফিকেশনের জন্য ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক একটি সিডিউল পরবর্তীতে প্রেরণ করা হবে।

  
(মো: নাছির উদ্দিন)

উপজেলা সমাজসেবা অফিসার  
দেবিদ্বার, কুমিল্লা।

০১। প্রশাসক

দেবিদ্বার পৌরসভা, কুমিল্লা।

০২। চেয়ারম্যান

..... ইউনিয়ন পরিষদ (সকল)

দেবিদ্বার কুমিল্লা।

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা।

২। উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।

৩। ..... ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, দেবিদ্বার, কুমিল্লা।

৪। অফিস নথি।